ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩১৮

আগরতলা, ২৮ ডিসেম্বর, ২০২৪

## নাইন বুলেটস ক্লাবের ৬০তম বর্ষ উদযাপনে রক্তদান শিবির

## রক্তদানের মাধ্যমেই রক্তের চাহিদা পূরণ করা সম্ভব ঃ মুখ্যমন্ত্রী






মুমুর্ষ রোগীর জীবন বাঁচাতে রক্ত প্রয়োজন। রক্তের বিকল্প এখনো আবিস্কৃত না হওয়ায় রক্তদানের মাধ্যমেই রক্তের চাহিদা পূরণ করা সম্ভব। তাই বেশী করে রক্তদানে এগিয়ে আসার জন্য মানুষকে আরও সচেতন করতে হবে। আজ কৃষ্ণনগরস্থিত নাইন বুলেটস ক্লাবের ৬০তম বর্ষ উদযাপন উপলক্ষে আয়োজিত রক্তদান শিবিরে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্যের ক্লাবগুলি সারা বছর সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডে নিজেদের জড়িয়ে রাখে। ফুটবল খেলার মাধ্যমে নাইন বুলেটস ক্লাব রাজ্যব্যাপী একটা বিশেষ পরিচিতি লাভ করেছে। ক্রীড়ার পাশাপাশি এলাকার আর্থসামাজিক অবস্থার উন্নয়নে এবং দু:স্থদের প্রতিও সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে নাইন বুলেটস ক্লাব। রাজ্যের প্রতিটি ক্লাব সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে এলাকায় একটা সুস্থ পরিবেশ গড়ে তুলছে। এলাকায় গার্হস্থ্য সমস্যা সমাধানেও ক্লাবগুলি উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করছে। রাজ্যের প্রতিটি ক্লাব নেশার বিরুদ্ধে সোচ্চার হলেই নেশামুক্ত ত্রিপুরা গঠন করা সম্ভব হবে। মুখ্যমন্ত্রী বলেন, এর জন্য গণজাগরণ গড়ে তোলা প্রয়োজন।

অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, মুখ্যমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে সারা রাজ্যব্যাপী রক্তদান আজ উৎসবে পরিণত হয়েছে। নাইন বুলেটস ক্লাব খেলাধুলার পাশাপাশি সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডে নিজেদের জড়িয়ে রেখেছে। যা আগামী দিনেও বজায় থাকবে বলে মেয়র শ্রীমজুমদার আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের ১৯নং ওয়ার্ডের কর্পোরেটর ভাস্বতী দেববর্মা এবং নাইন বুলেটস ক্লাবের সেক্রেটারি অপু সরকার শূর।

******